শহিদ বুদ্ধিজীবী দিবস ও মহান বিজয় দিবস উদ্‌যাপন কমিটি ২০২৪

ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া

প্রজ্ঞাপন

ইসলামী বিশ্ববিদ্যালয়ে শহিদ বুদ্ধিজীবী দিবস এবং মহান বিজয় দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে কর্তৃপক্ষ নিম্নরূপ কর্মসূচি গ্রহণ করেছেন।

তারিখ ও সময়	কর্মসূচি	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ অফিস
১৩/১২/২০২৪ বাদ জুম্মা দোয়া মাহফিল	১৩ ডিসেম্বর শুক্রবার বাদ জুম্মা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে শহিদ বুদ্ধিজীবী এবং মহান মুক্তিযুদ্ধের সকল বীর শহিদদের আত্মার মাগফিরাতের উদ্দেশ্যে পবিত্র কুরআনখানি ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে।	দায়িত্ব পালন করবেন- কেন্দ্রীয় মসজিদ।
	শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৪	
১৪/১২/২০২৪ সকাল ১০ টায় পতাকা উত্তোলন	১৪ ডিসেম্বর ২০২৪ শনিবার সকাল ১০ টায় প্রশাসন ভবনের সামনে এবং হলসমূহে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ, কালো পতাকা উত্তোলন ও কালো ব্যাজ ধারণ করা হবে। প্রশাসন ভবনের সামনের চত্বরে জাতীয় পতাকা উত্তোলন করে অর্ধনমিত করবেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ এবং কালো পতাকা উত্তোলন করবেন মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এম. এয়াকুব আলী। এ সময় সাথে থাকবেন মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম। একই সময়ে অনুরূপভাবে হলসমূহে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ ও কালো পতাকা উত্তোলন করা হবে।	দায়িত্ব পালন করবেন- এস্টেট অফিস ও জনসংযোগ অফিস।
১০.১৫ টায় শোক র‍্যালি	পতাকা উত্তোলনপর্ব শেষে সকাল ১০.১৫ টায় প্রশাসন ভবনের সামনের চত্বর হতে মাননীয় ভাইস চ্যান্সেলর, মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর, মাননীয় ট্রেজারার এর উপস্থিতিতে সম্মানিত ডিনবৃন্দসহ সকল অনুষদ, হল, বিভাগ, সকল পর্যায়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রী, সমিতি, বিভিন্ন পরিষদ ও ফোরাম, ইসলামী বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ, বিভিন্ন ছাত্র সংগঠন এবং বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের সমন্বয়ে এক শোক র‍্যালি ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে শহিদ স্মৃতিসৌধে সমবেত হবে।	দায়িত্ব পালন করবেন- প্রক্টরিয়াল বডি, জনসংযোগ অফিস, বিএনসিসি ও রোভার স্কাউট গ্রুপ।
শহিদ স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন	শোক র‍্যালি শেষে শহিদ বুদ্ধিজীবীদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে শহিদ স্মৃতিসৌধে প্রথমে পুষ্পস্তবক অর্পণ করবেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ । এসময় সাথে থাকবেন মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এম. এয়াকুব আলী, মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম। বিশ্ববিদ্যালয় প্রশাসনের শ্রদ্ধাঞ্জলি নিবেদন শেষে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সমিতি, অনুষদ, হল, বিভিন্ন বিভাগ, বিভিন্ন পরিষদ ও ফোরাম, বিভিন্ন ছাত্র সংগঠন এবং বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন পর্যায়ক্রমে সুশৃঙ্খলভাবে শহিদ স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করবেন। শ্রদ্ধাঞ্জলি নিবেদন শেষে শহিদ বুদ্ধিজীবীদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নিরবতা পালন এবং তাঁদের আত্মার শান্তি কামনায় দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হবে।	দায়িত্ব পালন করবেন- জনসংযোগ অফিস, প্রক্টরিয়াল বডি, বিএনসিসি, রোভার স্কাউট গ্রুপ ও বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদের খতিব।
	মহান বিজয় দিবস ২০২৪	
১৬/১২/২০২৪ সকাল ১০ টায় পতাকা উত্তোলন	১৬ ডিসেম্বর ২০২৪ সোমবার সকাল ১০ টায় প্রশাসন ভবনের সামনে এবং হলসমূহে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করা হবে। প্রশাসন ভবনের সামনের চত্বরে বিএনসিসি কর্তৃক প্রদত্ত গার্ড অব অনারসহ জাতীয় পতাকা উত্তোলন করবেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ এবং বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করবেন মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এম. এয়াকুব আলী। এ সময় তাঁদের সাথে থাকবেন মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম। একই সময়ে অনুরূপভাবে হলসমূহে জাতীয় পতাকা ও হল পতাকা উত্তোলন করা হবে।	দায়িত্ব পালন করবেন- প্রক্টরিয়াল বডি, বিএনসিসি ও রোভার স্কাউট গ্রুপ ।
১০.১৫ টায় কর্মসূচি উদ্বোধন ও আনন্দ শোভাযাত্রা	সকাল ১০.১৫ টায় প্রশাসন ভবনের সামনের চত্বরে আনন্দের প্রতীক বেলুন উড়িয়ে দিনব্যাপি কর্মসূচির উদ্বোধন শেষে মাননীয় ভাইস চ্যান্সেলর, মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর, মাননীয় ট্রেজারার এর উপস্থিতিতে সম্মানিত ডিনবৃন্দসহ সকল অনুষদ, হল, বিভাগ এবং সকল পর্যায়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রী, বিভিন্ন সমিতি, পরিষদ ও ফোরাম, ইসলামী বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ, বিভিন্ন ছাত্র সংগঠন এবং বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের সমন্বয়ে এক আনন্দ শোভাযাত্রা ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কর্য "মুক্ত বাংলা'য়" সমবেত হবে।	দায়িত্ব পালন করবেন-এস্টেট অফিস ও জনসংযোগ অফিস

'মুক্ত বাংলা'য় ও শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের স্থাপিত ভিত্তি প্রস্তরে শ্রদ্ধাঞ্জলি নিবেদন	আনন্দ শোভাযাত্রা শেষে মহান মুক্তিযুদ্ধে বীর শহিদ মুক্তিযোদ্ধাদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে 'মুক্ত বাংলা'য় পুষ্পস্তবক অর্পণ করবেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ। এসময় সাথে থাকবেন মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এম. এয়াকুব আলী, মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম। বিশ্ববিদ্যালয় প্রশাসনের শ্রদ্ধাঞ্জলি নিবেদন শেষে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সমিতি, অনুষদ, হল, বিভাগ, বিভিন্ন পরিষদ ও ফোরাম, বিভিন্ন ছাত্র সংগঠন এবং বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন পর্যায়ক্রমে 'মুক্ত বাংলা'য় সুশৃঙ্খলভাবে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করবেন। শ্রদ্ধাঞ্জলি নিবেদন শেষে শহিদ বীর মুক্তিযোদ্ধাদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নিরবতা পালন এবং তাঁদের আত্মার মাগফিরাত ও শান্তি কামনায় দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হবে। দোয়া ও মোনাজাত পরিচালনা করবেন বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদের খতিব। এরপরে শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের স্থাপিত ভিত্তি প্রস্তরে পুষ্পস্তবক অর্পণ করবেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ। এসময় সাথে থাকবেন মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এম. এয়াকুব আলী, মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম। পুষ্পস্তবক অর্পণ শেষে শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আত্মার মাগফিরাত ও শান্তি কামনায় দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হবে। দোয়া ও মোনাজাত পরিচালনা করবেন বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদের খতিব।	দায়িত্ব পালন করবেন- প্রক্টরিয়াল বডি, জনসংযোগ অফিস, বিএনসিসি, রোভার স্কাউট গ্রুপ ও বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদের খতিব।
বেলা ১১ টায় প্রীতি ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন	শ্রদ্ধাঞ্জলি নিবেদন পর্ব শেষে বেলা ১১ টায় বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠে মহান বিজয় দিবস ২০২৪ উপলক্ষে শিক্ষক বনাম কর্মকর্তাদের মধ্যে প্রীতি ভলিবল ও রশি টানাটানি প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এছাড়া সহায়ক কর্মচারী বনাম সাধারণ কর্মচারী মধ্যে হতে বিজয়ীদের সাথে টেকনিক্যাল সমিতির খেলা অনুষ্ঠিত হবে এবং ছাত্র হলসমূহের মধ্যে প্রীতি ভলিবল প্রতিযোগীতা অনুষ্ঠত হবে। মহিলা শিক্ষক ও মহিলা কর্মকর্তা এবং মহিলা সহায়ক কর্মচারী ও মহিলা সাধারণ কর্মচারীদের মধ্যে পিলো পাসিং প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এছাড়াও ছাত্রী হলসমুহের মধ্যে প্রীতি ভলিবল প্রতিযোগিতা জিমনেশিয়ামে অনুষ্ঠিত হবে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করবেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ । উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এম. এয়াকুব আলী ও মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম। প্রতিযোগিতা শেষে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত থেকে মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ, মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এম. এয়াকুব আলী ও মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করবেন।	দায়িত্ব পালন করবেন- প্রক্টরিয়াল বডি, বিএনসিসি, রোভার স্কাউট গ্রুপ, শারীরিক শিক্ষা বিভাগ ও ক্রীড়া প্রতিযোগিতা উপ-কমিটি।
বিশেষ দোয়া ও মোনাজাত	মহান বিজয় দিবস উপলক্ষে বাদ যোহর কেন্দ্রীয় মসজিদ, আবাসিক এলাকার মসজিদ ও সকল হল মসজিদে বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হবে।	দায়িত্ব পালন করবেন- স্ব-স্ব মসজিদের ইমামগণ।
আলোকসজ্জিতকরণ	মহান বিজয় দিবস উপলক্ষে ১৫ ও ১৬ ডিসেম্বর (২দিন) প্রধান গেট, প্রশাসন ভবন, 'মুক্ত বাংলা', ডায়না চত্ত্বর, শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের স্থাপিত ভিত্তি প্রস্তর ও ভিসি বাংলো আলোকসজ্জিত করা হবে।	দায়িত্ব পালন করবেন- প্রকৌশল অফিস।
১৪ ও ১৬ ডিসেম্বর গাড়ীর সময়সূচি	গাড়ীর সময়সূচি ১৪ ও ১৬ ডিসেম্বর (২দিন) সকাল ৮.৩০ টায় কুষ্টিয়া হতে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ৫টি বাস এবং ছাত্র-ছাত্রীদের জন্য ৫টি বাস, ঝিনাইদহ হতে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ৩ টি বাস এবং ছাত্র-ছাত্রীদের জন্য ৩টি বাস এবং শৈলকুপা হতে শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের জন্য ১টি বাস নির্ধারিত রুটে ক্যাম্পাসে আসবে এবং অনুষ্ঠান শেষে ক্যাম্পাস ছেড়ে যাবে।	দায়িত্ব পালন করবেন- পরিবহন অফিস।

শহিদ বুদ্ধিজীবী দিবস এবং মহান বিজয় দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষে ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গৃহীত উপর্যুক্ত কর্মসূচিতে অংশগ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

(প্রফেসর ড. এম. এয়াকুব আলী)
প্রো-ভাইস চ্যান্সেলর
ইসলামী বিশ্ববিদ্যালয়।

০৩/১২/২৪
(প্রফেসর ড. মোঃ নজিবুল হক)
ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগ
ও
আহ্বায়ক
শহিদ বুদ্ধিজীবী দিবস পালন ও মহান বিজয় দিবস উদ্‌যাপন কমিটি ২০২৪, ইসলামী বিশ্ববিদ্যালয়।

বিতরন:

১. পি.এস টু ভাইস চ্যান্সেলর, ভাইস চ্যান্সেলর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্যে), ইবি।
২. পি.এস. টু প্রো-ভাইস চ্যান্সেলর, প্রো-ভিসি অফিস (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্যে), ইবি।
৩. পি.এস. টু ট্রেজারার, ট্রেজারার অফিস (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্যে), ইবি।
৪. এ্যাটাস্ট টু রেজিস্ট্রার, রেজিস্ট্রার অফিস (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্যে), ইবি।